

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ০৭/১২/২০১৪

ভুটানের প্রধানমন্ত্রীর জাতীয় জাদুঘর পরিদর্শন

ভুটানের প্রধানমন্ত্রী H. E. Mr. Tshering Tobgay আজ ০৭ ডিসেম্বর ২০১৪ বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শন করেন। প্রধানমন্ত্রীর সাথে ভুটানের অর্থ ও পররাষ্ট্রমন্ত্রী এবং ভুটানের উচ্চ পর্যায়ের ৩০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন। বৌদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতির ওপর আগ্রহের কথা জেনে বাংলাদেশ জাতীয় জাদুঘর গ্যালারির পাশাপাশি জাদুঘরের প্রধান লবিতে বৌদ্ধ ঐতিহ্যের নানা নিদর্শন যেমন- প্রস্তর ও ব্রোঞ্জ নির্মিত ভাস্কর্য, তন্ত্রশাসন, টেরাকোটা দিয়ে একটি বিশেষ প্রদর্শনীর আয়োজন করে।

H. E. Mr. Tshering Tobgay জাদুঘরের গ্যালারি এবং প্রধান লবিতে প্রদর্শিত বৌদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতির নানা নিদর্শন দেখে অভিভূত হন এবং বাংলাদেশ একটি এতিহ্যবাহী জনপদ বলে মত প্রকাশ করেন। গ্যালারি পরিদর্শন শেষে তিনি পরিদর্শন বইতে স্বাক্ষর করেন।

অতিথিদের জাদুঘরে অভ্যর্থনা জানান সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. রণজিৎ কুমার বিশ্বাস এনজিসি এবং জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী। পরিদর্শন শেষে সম্মানিত অতিথিকে একটি বৌদ্ধ মূর্তির রেপ্লিকা উপহার দেয়া হয়।

উল্লিখিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

(নূরে নাসরীন)

কীপার

জনশিক্ষা বিভাগ

বার্তা প্রধান/চীফ রিপোর্টার

.....

ঢাকা